দৈনিক ইত্তেফাক

তারিখ 15 MAR 1998
পৃষ্ঠা ৩ কলাম ২

ঠাকুরগাঁও সরকারী কলেজ

# নকলের সুযোগ নাই, তাই ছাত্র ছাত্রীরা ভর্তি হইতে চায় না

ঠাকুরগাঁও সংবাদদাতা। অত্রাঞ্চলের সবচাইতে পুরাতন ঠাকুরগাঁও সরকারী কলেজে এখন ছাত্র-ছাত্রী সংকট চলিতেছে। ডিগ্রী বাণিজ্য বিভাগে মাত্র ২ জন ছাত্র লইয়া উক্ত বিভাগের ৬ জন শিক্ষক এখন বিব্রতকর অবস্থায় পড়িয়াছেন। চলতি বৎসর (১ম বর্ষে) এখনও কোন ছাত্র-ছাত্রী ভর্তি হয় নাই। কলেজের অধ্যক্ষ প্রফেসর চৌধুরী মোঃ হুমায়ুন

(৯ম পৃঃ দ্রঃ)

## নকলের সুযোগ নাই

( ৩য় পৃঃ পর )

কবীর জানান, ইতিপূর্বে ডিগ্রী বাণিজ্য বিভাগে বেশী ছাত্র-ছাত্রীর জন্য দুই শিফটে ক্লাস নিতে হইত। কিন্তু এখন এই বিভাগে ছাত্র মাত্র দুইজন। আইকম ক্লাসেও ছাত্র-ছাত্রী কম—মাত্র ১৭ জন।

প্রতি বৎসর এই জেলা হইতে হাজার হাজার ছাত্র-ছাত্রী এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় পাস করিলেও তাহারা জেলা সদরের উন্নত সরকারী কলেজে ভর্তি হইতেছে না। গ্রামাঞ্চলের পরীক্ষা কেন্দ্রগুলিতে অপেক্ষাকৃত বেশী নকলের সুযোগ থাকায় দলে দলে ছাত্র-ছাত্রী ঐ সকল কলেজে ভর্তি হইতেছে। ঐ সমস্ত কলেজে ক্লাস করার জন্য প্রয়োজনীয় শ্রেণীকক্ষ পর্যন্ত নাই। পরীক্ষার সময় মাঠের মাঝখানে বাঁশ ও খড়ের ঘর অস্থায়ীভাবে তৈরী করিয়া পরীক্ষা নেওয়া হয়। সারা বৎসর কোন ক্লাস হয় না। অন্যদিকে ঠাকুরগাঁও সরকারী কলেজের শ্রেণীকক্ষসমূহ ছাত্র-ছাত্রীর অভাবে খালি পড়িয়া রহিয়াছে। বিএ, বিএসএস-এ যেখানে ৬/৭ শত ছাত্র-ছাত্রী থাকার কথা সেখানে আছে মাত্র ২১৮ জন। একইভাবে এই কলেজে বিএসসিতে ছাত্র-ছাত্রী আছে মাত্র ৯৮ জন। ঠাকুরগাঁও সরকারী মহিলা কলেজেও একই অবস্থা। বর্তমানে ছাত্রীর সংখ্যা পূর্বের তুলনায় অর্ধেক।